৩নং গেজেটেড কোয়াটারটি মেরামত এবং সংস্কারের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রাক্কলনের অনুমোদন গৃহিত হয়। প্রকল্পটি পিআইসির মাধ্যমে বাস্তবায়নের জন্য নিমোক্ত কমিটির অনুমোদন গৃহিত হয়।

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ রাশিদুল ইসলাম, ইউপি সদস্য, ঈশ্বরীপুর ইউনিয়ন | সভাপতি |
| ২. | জনাব পবিত্র কুমার মন্ডল, ইউপি সদস্য, কৈখালী ইউপি। | সেক্রেটারী |
| ৩. | জনাব মোঃ মেহিদি হাসান, সমাজসেবক, নকিপুর, শ্যামনগর | সদস্য |
| ৪. | জনাব মাওলানা মুফতি আব্দুল খালেক, ইমাম, শ্যামনগর উপঃ জামে মসিজদ। | সদস্য |
| ৫. | জনাব মোঃ রফিকুল ইসলাম, সমাজসেবক, কাশিমাড়ী | সদস্য |

৬। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মাননীয় জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের সদয় নির্দেশে সাতক্ষীরা জেলাকে একটি আধুনিক পরিচ্ছন্ন জেলায় পরিনত করতে **"ক্লিন সাতক্ষীরা গ্রিন সাতক্ষীরা"** কর্মসূচী বাস্তবায়ন করছে। **"ক্লিন সাতক্ষীরা গ্রিন সাতক্ষীরা"** সম্পর্কিত বিভিন্ন পোষ্টার, প্যানা, লিফলেট, ব্যানার জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের সদয় নির্দেশে বিভিন্ন স্থানে বিতরণ করা হয়েছে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্বাচিত উক্তি সম্বলিত ১৫টি বই ক্রয় করা হয়েছে। **"ক্লিন সাতক্ষীরা গ্রিন সাতক্ষীরা"** এর বিভিন্ন পোষ্টার, প্যানা, লিফলেট, ব্যানার এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্বাচিত উক্তি সম্বলিত ১৫টি বই ক্রয়ের মোট ২৫৯৮০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করতে অনুমোদনের জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত ব্যয় সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

৭। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের ডিজিটাল সেন্টারের ফটোকপি মেশিনটি দীর্ঘদিন যাবৎ নষ্ট অবস্থায় পড়ে আছে। একটি নতুন ফটোকপি মেশিন সরবরাহের জন্য ডিজিটাল সেন্টারের উদোক্তা আবেদন করেছেন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত** ঃ সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের ডিজিটাল সেন্টারের জন্য একটি উন্নতমানের নতুন ফটোকপি মেশিন ক্রয়ের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

৬. বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) — উপজেলা পরিষদ

১. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা পরিষদের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ১ম কিস্তির ২৮,০৬,০০০/- (আঠাশ লক্ষ ছয় হাজার) টাকার বরাদ্দ পাওয়া গেছে। চলতি অর্থ বছরে ৪কিস্তিতে মোট সম্ভাব্য বরাদ্দের পরিমান ১,১২,২৪,০০০/- (এক কোটি বার লক্ষ চব্বিশ হাজার) টাকা হতে পারে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা'২০১৪ মোতাবেক প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সবাইকে অবহিত করেন। প্রকল্প দাখিলে পর যাচাই বাছাই কমিটি হতে বাছাইকৃত প্রকল্প তালিকা উপজেলা পরিষদ মাসিক সভায় চুড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

**সিদ্ধান্ত** : সভায় বিস্তারিত আলোচনা শেষে দ্রুত প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, এডিপির অর্থায়নে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নে জনগুরুত্বপূর্ন প্রকল্পসমূহ দাখিল করতে হবে। সংযোগ রাস্তার সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া দ্রুত প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করেন।

৭. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প — সংশ্লিষ্ট কর্মকর্তা

উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, গত ১৮/১১/২০১৯ খ্রিঃ তারিখে উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় ৩য় পর্যায়ে (২০১৮-১৯) সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়েছে। তিনি চুড়ান্ত অনুমোদনের জন্য মাসিক সভায় উপস্থাপন করেন।

| ক্রঃ নঃ | উপ-প্রকল্প নম্বর | উপ-প্রকল্পের নাম | দায়িত্বপ্রাপ্ত সংস্থা | মোট | আইটি | ভ্যাট | মোট বাজেট |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | সিডি-২০১৮-১৯-৪০৮৭৮৬-০১ | বাল্য বিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন ও মানব পাচার প্রতিরোধে জনসচেতনতা মূলক (ক্যাম্পেইন)/প্রচারনা | সমাজসেবা | ১৭০৮০০.০০ | ১৭০০.০০ | ১৭৫০০.০০ | ১৯০০০০.০০ |
| ২ | সিডি-২০১৮-১৯-৪০৮৭৮৬-০২ | "উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের ও উপজেলা ভূমি অফিসের কর্মকর্তা/কর্মচারীদের বেসিক আইসিটি প্রশিক্ষণ | মাধ্যমিক শিক্ষা | ১৭৩৯১৫.০০ | ৩৭৮০.০০ | ২৬৩৯.৮৮ | ১৮০৩৩৪.৮৮ |
| ৩ | সিডি-২০১৮-১৯-৪০৮৭৮৬-০৩ | প্রসুতি মায়েদের স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ মাতৃত্ব সংক্রান্ত মাঠ পর্যায়ে কর্মরত ধাত্রী, সিএইচসিপি, এফডব্লিউএ, এইচএ দের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ১৬১৮৬৫.০০ | ১৭৫০.০০ | ৫১২৫.০০ | ১৬৮৭৪০.০০ |
| ৪ | সিডি-২০১৮-১৯-৪০৮৭৮৬-০৪ | বিষমুক্ত সবজী উৎপাদনে কৃষকদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | কৃষি | ১৭৩০৭০.০০ | ২৮৮০.০০ | ৫৯৯৩.৭৫ | ১৮১৯৪৩.৭৫ |

